

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৮(১)

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪২৭  
১৬ নভেম্বর ২০২০

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

১৬ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:  
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

১৬ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে, এর বর্ধিতাংশ উত্তরপূর্ব বঙ্গোপসাগরে অবস্থান করছে।  
পূর্বাভাস: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। ভোরের দিকে সারাদেশের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.৮	৩১.৩	৩৪.০	৩২.৮	৩১.৬	৩২.৭	৩২.৪	৩২.২
সর্বনিম্ন তাপমাত্রা	১৭.৩	১৯.০	১৯.০	১৯.২	১৬.০	১৩.৭	১৬.৮	১৮.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ৩৪.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৩.৭° সেঃ।  
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**অগ্নিকাণ্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১৪ নভেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৫ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৮টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকাণ্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	২৮	০	০

**মানবিক সহায়তার বিবরণঃ**

শীতক্লিষ্ট রংপুর বিভাগের নিম্নবর্ণিত ৮টি জেলার পার্শ্বে উল্লিখিত মোট ৫৮টি উপজেলায় মানবিক সহায়তা হিসেবে প্রতিটি উপজেলায় ১,০০০ (এক হাজার) প্যাকেট/ বস্তা হারে মোট ৫৮,০০০ (আটাত্তন হাজার) শুকনা ও অন্যান্য খাবার সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের বরাবর বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর অনুকূলে ছাড় করা হলোঃ

